গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
(নেজারত শাখা)
www.barisal.gov.bd

স্মারক নং ০৫.১০.০৬০০.০০০.১১১.১০.০০১২.২৫.৫৯৩

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২ / ২২ অক্টোবর ২০২৫

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৭ মে ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১০.২২.৩৫ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে এবং বরিশাল সার্কিট হাউজে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতনস্কেল, ২০১৫ ও প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত বরিশাল জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে https://dcbarisal.teletalk.com.bd (ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | পদের নাম | বেতন গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ৩৩ (তেত্রিশ) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ২৬ (ছাব্বিশ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |
| | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ১৬ (ষোল)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) মোট পদের শতকরা ৮০(আশি) ভাগ পদ জাত হরিজন প্রার্থীদের জন্য বরাদ্দ থাকবে, তবে জাত হরিজন প্রার্থী না পাওয়া সেক্ষেত্রে সাধারণ প্রার্থীদের মধ্যে হতে নিয়োগ প্রদান করা হবে। |
| | মালি | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | বেয়ারার (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | বাবুর্চি (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে |
| | নিরাপত্তা প্রহরী (সার্কিট হাউজ) | গ্রেড-২০<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| | | মোট | ৮৩ (তিরাশি) টি | |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। ২৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে "জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধনী, ২০২৪)" অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫। চাকরির জন্য আবেদন আগামী ৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা হতে ২৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাক যোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাক যোগে প্রেরিত সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি, পরিচিতি নম্বর (যদি থাকে) ও দাপ্তরিক ঠিকানা উল্লিখিত সিলসহ) দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২(দুই) কপি।

খ) প্রার্থীর আবেদনপত্রে উল্লেখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসহ)।

গ) বরিশাল জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ) জাতীয় পরিচয়পত্র;

ঙ) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র;

চ) বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ;

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা,শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক অথবা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র এবং;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণ পত্র।

০৭। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজ পত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতি বদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১০। বিজ্ঞাপনে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি অনুসরণ করা হবে।

১১। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী ও শর্তাবলী:</u>

ক) আগ্রহী প্রার্থীগণ https://dcbarisal.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদন পত্র জমা দানের শেষ তারিখ ও সময়: ২৯ নভেম্বর ২০২৫ খ্রি বিকাল ৫:০০ টা।

iii) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এআবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদন পত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি "রঙিন প্রিন্টকপি" পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এককপি জমা দেবেন।

ঘ) <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান</u>: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষ ভাবে উল্লেখ্য যে, **"Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলে ও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

<u>প্রথম SMS</u> : DCBARISHAL<space>User ID লিখে Send করতে হবে16222 নম্বরে।

Example : DCBARISHAL ABCDEF

Reply : Applicant's Name, Tk. 56/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCBARISHAL Yes PIN and send to 16222.

<u>দ্বিতীয় SMS</u> : DCBARISHAL <space>Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DCBARISHAL YES 12345678 and send to 16222.

Reply:Congratulations Applicant's Name, payment completed successfully for DCBARISHAL Application for the post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

ঙ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহারকরে পরবর্তীতে প্রার্থী প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণকরে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে:

DCBARISHAL <space>Help<space>User <space>UserID & Send to16222
Example: DCBARISHAL Help User 12345678 Send to 16222

ii) PIN Number জানা থাকলে:
DCBARISHAL <space>Help <space>PIN <space>PIN No &Send to 16222
Example: DCBARISHAL Help PIN 12345678 Send to 16222

জ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd বা dcbarishal@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: BARISHAL Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল এর ওয়েবসাইট www.barisal.gov.bd এবং https://dcbarisal.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.barisal.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। ১০ জুন ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪৪.১৫.১৩০ নম্বর স্মারকের মাধ্যমে ৪৭টি শূন্য পদ পূরণের জন্য প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে এ কার্যালয়ের ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের ০৫.১০.০৬০০.১১১.১০.০১২.২১.১০৫৫ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছিলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০১০.২১.৫২ নং স্মারকের নির্দেশনা মতে সে সকল প্রার্থীর পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

১৫। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

22/10/2025

(মোহাম্মদ দেলোয়ার হোসেন)
জেলা প্রশাসক
বরিশাল
ফোন : ০২৪৭৮-৮৬৪২৫৯
ইমেইল : dcbarishal@mopa.gov.bd

স্মারক নং ০৫.১০.০৬০০.০০০.১১১.১০.০০১২.২৫.৫৯৩

তারিখ: ০৬ কার্তিক ১৪৩২ / ২২ অক্টোবর ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা প্রশাসক................................(সকল)।
০৫। পুলিশ সুপার, বরিশাল।
০৬। সিভিল সার্জন, বরিশাল।
০৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষাওআইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ................................(সকল), বরিশাল।
১১। সহকারী কমিশনার(ভূমি), ................................(সকল), বরিশাল।
১২। সহকারী কমিশনার, ................................শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
১৩। জেলা তথ্য অফিসার, বরিশাল।
১৪। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, বরিশাল।
১৫। সম্পাদক, দৈনিক ................................................................ পত্রিকা। তাকে বিজ্ঞপ্তিটি আগামী ২৩/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০৩(তিন) কলামে ০১(এক)দিনের জন্য প্রকাশপূর্বক ০৩(তিন)কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি/মাস্টার ফাইল।

22/10/2025

জেলা প্রশাসক
বরিশাল